১৭) যদি  $3^m = 81$  হয়, তবে  $m^3 = ?$

ক) ৭

খ) 16

গ) 27

ঘ) 64

সঠিক উত্তরঃ ঘ) 64

দেওয়া আছে,

$$3^m = 81$$

$$\text{বা, } 3^m = 3^4$$

$$\text{বা, } m = 4$$

$$\text{বা, } m^3 = 4^3$$

$$\text{বা, } m^3 = 64$$

১৮) একটি ত্রিভুজের কোণগুলোর অনুপাত হচ্ছে 2 : 3 : 4.

কোণগুলোর মান হচ্ছে—

ক)  $80^\circ, 120^\circ, 160^\circ$

খ)  $40^\circ, 60^\circ, 80^\circ$

গ)  $30^\circ, 45^\circ, 15^\circ$

ঘ)  $30^\circ, 50^\circ, 90^\circ$

সঠিক উত্তরঃ খ)  $40^\circ, 60^\circ, 80^\circ$

মনেকরি, কোণগুলো  $2x, 3x, 4x$  ডিগ্রি

$$\therefore 2x + 3x + 4x = 180^\circ$$

$$\text{বা, } 9x = 180^\circ$$

$$\therefore x = 20^\circ$$

$$১ম \text{ কোণ} = 2x = 2 \times 20^\circ = 40^\circ$$

$$২য় \text{ কোণ} = 3x = 3 \times 20^\circ = 60^\circ$$

$$৩য় \text{ কোণ} = 4x = 4 \times 20^\circ = 80^\circ$$

১৯) যদি একটি রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে 4 সে.মি. এবং 6 সে.মি. হয়, তবে রম্বসের ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

ক) 6

খ) 8

গ) 12

ঘ) 24

সঠিক উত্তরঃ গ) 12

আমরা জানি,

$$\text{রম্বসের ক্ষেত্রফল} = \frac{1}{2} \times \text{কর্ণদ্বয়ের গুণফল।}$$

$$= \frac{1}{2} \times 4 \times 6$$

$$= 12 \text{ বর্গ সে.মি.।}$$

২০)  $1 - a^2 + 2ab - b^2$  এর উৎপাদক কোনটি?

ক)  $(1 + a - b)(1 - a + b)$

খ)  $(1 + a + b)(1 - a + b)$

গ)  $(1 + a + b)(1 - a - b)$

ঘ)  $(1 - a + b)(1 - a - b)$

সঠিক উত্তরঃ ক)  $(1 + a - b)(1 - a + b)$

$$1 - a^2 + 2ab - b^2$$

$$= 1 - (a^2 - 2ab + b^2)$$

$$= 1^2 - (a - b)^2$$

$$= (1 + a - b)(1 - a + b)$$

২১)  $4x^2 - 20x$  এর সাথে কত যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে?

ক) 4

খ) 9

গ) 16

ঘ) 25

সঠিক উত্তরঃ ঘ) 25

$$4x^2 - 20x$$

$$= (2x)^2 - 2.2x.5 + 5^2 - 5^2$$

$$= (2x - 5)^2 - 25$$

∴  $4x^2 - 20x$  এর সাথে 25 যোগ করলে যোগফল পূর্ণবর্গ সংখ্যা হবে।

২২)  $90^\circ$  কোণের সম্পূরক কোণ কোনটি?

ক)  $20^\circ$  খ)  $110^\circ$

গ)  $220^\circ$  ঘ)  $290^\circ$

সঠিক উত্তরঃ খ)  $110^\circ$

সম্পূরক কোনের ক্ষেত্রে কোণদ্বয়ের সমষ্টি  $180^\circ$

সুতরাং,  $90^\circ$  কোণের সম্পূরক কোণ =  $180^\circ - 90^\circ = 110^\circ$

২৩) ABCD চতুর্ভুজে AB || CD, AC = BD এবং  $\angle A = 90^\circ$  হলে

সঠিক চতুর্ভুজ কোনটি?

ক) সামান্তরিক খ) রম্বস

গ) আয়তক্ষেত্র ঘ) ট্র্যাপিজিয়াম

সঠিক উত্তরঃ গ) আয়তক্ষেত্র

আমরা জানি,

যে চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমান্তরাল, কর্ণদ্বয়

সমান ও একটি কোণ সমকোণ তাকে আয়তক্ষেত্র বলে।

সুতরাং ABCD চতুর্ভুজে AB || CD, AC = BD এবং  $\angle A = 90^\circ$  হলে

চতুর্ভুজ একটি আয়তক্ষেত্র হবে।

২৪)  $x^3 - 1$ ,  $x^3 + 1$ ,  $x^4 + x^2 + 1$  এর ল.সা.গু. কত?

ক)  $x^8 - 1$  খ)  $x^7 - 1$

গ)  $x^6 - 1$  ঘ)  $x^5 - 1$

সঠিক উত্তরঃ গ)  $x^6 - 1$

১ম রাশি =  $x^3 - 1 = (x - 1)(x^2 + x + 1)$

২য় রাশি =  $x^3 + 1 = (x + 1)(x^2 - x + 1)$

৩য় রাশি =  $x^2 + x^2 + 1$

$$= (x^2)^2 + 2(x^2)(1) + 1^2 - x^2$$

$$= (x^2 + 1)^2 - x^2$$

$$= (x^2 - x + 1)(x^2 + x + 1)$$

সুতরাং, নির্ণেয় ল.সা.গু =  $(x - 1)(x^2 + x + 1)(x + 1)(x^2 - x + 1)$

$$= (x^3 - 1)(x^3 + 1)$$

$$= (x^3)^2 - (1)^2$$

$$= x^6 - 1$$

২৫)  $2^n + 2^{n-1} =$  কত?

ক) 2

খ)  $2^{n+1}$

গ)  $2^n$

ঘ)  $2^{n-1}$

সঠিক উত্তরঃ ক) 2

$$2^n + 2^{n-1}$$

$$= 2^{n-n+1}$$

$$= 2^1$$

$$= 2$$

২৬) অঘোষ অল্পপ্রাণ ধ্বনি কোনটি?

ক) 'চ' ধ্বনি

খ) 'ছ' ধ্বনি

গ) 'জ' ধ্বনি

ঘ) 'ঝ' ধ্বনি

সঠিক উত্তরঃ ক) 'চ' ধ্বনি

ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে স্বরযন্ত্রের ধ্বনিদ্বারে বায়ুর কম্পন

কমবেশি হওয়ার ভিত্তিতে ব্যঞ্জনধ্বনিকে দুই ভাগে ভাগ করা যায়:

ঘোষ ও অঘোষ।

**ঘোষ ব্যঞ্জন**

যেসব ধ্বনি উচ্চারণের সময়ে ধ্বনিদ্বারের কম্পন অপেক্ষাকৃত বেশি,

সেসব ধ্বনিকে বলা হয় ঘোষধ্বনি। যথা:

ব, ভ, ম, দ, ধ, ন, র, ল, ড, ঢ, ঙ, জ, ঝ, গ, ঘ, ঙ।

**অঘোষ ব্যঞ্জন**

যেসব ধ্বনি উচ্চারণের সময়ে ধ্বনিদ্বারের কম্পন অপেক্ষাকৃত কম,

সেসব ধ্বনিকে বলা হয় অঘোষধ্বনি, যথা:

প, ফ, ত, থ, স, ট, ঠ, চ, ছ, শ, ক, খ, হ।

ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে বায়ুপ্রবাহের বেগ কমবেশি হওয়ার

ভিত্তিতে ব্যঞ্জনধ্বনিকে দুই ভাগে ভাগ করা যায়ঃ অল্পপ্রাণ ও মহাপ্রাণ।

**অল্পপ্রাণ ব্যঞ্জন**

সেসব ধ্বনি উচ্চারণের সময়ে ফুসফুস থেকে নির্গত বায়ুপ্রবাহের মাত্রা

অপেক্ষাকৃত কম, সেগুলোকে বলা হয় অল্পপ্রাণ ধ্বনি।

যেমন - প, ব, ত, দ, স, ট, ড, ঙ, চ, জ, শ, ক, গ ইত্যাদি।

**মহাপ্রাণ ব্যঞ্জন**

সেসব ধ্বনি উচ্চারণের সময়ে ফুসফুস থেকে নির্গত বায়ুপ্রবাহ

অপেক্ষাকৃত বেশি, সেগুলোকে বলা হয় মহাপ্রাণ ধ্বনি।

যেমন - ফ, ভ, থ, ধ, ঠ, ঢ, ছ, ঝ, খ, ঘ, হ ইত্যাদি।

উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ)।

২৭) বাক্যের ক্ষুদ্রাংশকে কী বলে?

ক) পদ

খ) রূপ

গ) শব্দমূল

ঘ) ধ্বনি

সঠিক উত্তরঃ ক) পদ

বাক্যের মধ্যে স্থান পাওয়া প্রতিটি শব্দকে পদ বলে।

- এদিক দিয়ে পদ হলো বাক্যের একক বা ক্ষুদ্রাংশ।

- রূপতত্ত্ব অংশে শব্দশ্রেণি নামে বাক্যের এই পদ বিভাজন উপস্থাপন

করা হয়েছে।

উদাহরণ: 'সজল ও লতা বই পড়ে' বাক্যে 'সজল' 'ও' 'লতা' 'বই'

'পড়ে' প্রতিটি পদ।

উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ)।

**২৮) সাধু ও চলিত ভাষার প্রধান পার্থক্য—**

ক) বাক্যের গঠন প্রক্রিয়ায়

খ) ক্রিয়া ও সর্বনাম পদের রূপগত ভিন্নতায়

গ) শব্দের কথ্য ও লেখ্য রূপের ভিন্নতায়

ঘ) ভাষার জটিলতা ও প্রাঞ্জলতায়

সঠিক উত্তরঃ খ) ক্রিয়া ও সর্বনাম পদের রূপগত ভিন্নতায়

• বাংলা ভাষার ৩টি রীতি রয়েছে।

যথা -

১. সাধু রীতি

২. চলিত রীতি

৩. আঞ্চলিক কথ্য রীতি বা উপভাষা

• চলিত রীতি:

- চলিত রীতি পরিবর্তনশীল অর্থাৎ সময়ের প্রবাহের কারনের চলিত রীতি পরিবর্তিত রূপ লাভ করে।

- এই রীতি তদ্বৎ শব্দবহুল। এছাড়াও এতে দেশি ও বিদেশি শব্দের প্রাধান্য রয়েছে।

- চলিতরীতির লৈখিক ও মৌখিক দুটি রূপই বিদ্যমান।

- এই রীতি সহজবোধ্য, সংক্ষিপ্ত। বক্তৃতা, সংলাপ ও আলাপ -

আলোচনার জন্য উপযোগী।

 • সাধু ও চলিত ভাষার প্রধান পার্থক্য হলো **ক্রিয়াপদ ও সর্বনাম** পদের ভিন্নতায়।

প্রদত্ত 'বলিলেন' এর চলিত রূপ - 'বললেন'

এবং 'বলিয়াছিলেন' এর চলিত রূপ - 'বলেছেন'

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

**২৯) বাক্যে সম্বোধনের পর কোন চিহ্ন বসে?**

ক) কমা

খ) কোলন

গ) হাইফেন

ঘ) ডাস

সঠিক উত্তরঃ ক) কমা

• বাংলায় কোনো কিছু লিখতে গিয়ে যত ধরনের যতিচিহ্ন আমরা ব্যবহার করি তার মধ্যে সবচেয়ে বেশি ব্যবহার করি কমা (,)। বাক্যের ভেতরের বিরাম-চিহ্ন হলো কমা। বাক্যে ব্যবহৃত কমার ক্ষেত্রে 'এক' উচ্চারণ করার সমান সময় খামতে হয়।

অল্প বিরাম বোঝাতে কিছু স্থানে কমা ব্যবহৃত হয়। যথা:

- নামের শেষে ডিগ্রি থাকলে কমা বসে।

যেমন: ডক্টর মুহাম্মদ শহীদুল্লাহ, এমএ. পিএইচডি।

- এক জাতীয় একাধিক বাক্য পাশাপাশি ব্যবহৃত হলে তাদের আলাদা করতে।

- একই পদের বারবার ব্যবহারের মাঝে কমা বসে।

- সম্বোধনের পর কমা বসে।

- তারিখ লিখতে কমা বসে ইত্যাদি।

উৎস: ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

**৩০) 'প্রথিত' শব্দের অর্থ কোনটি?**

ক) প্রথা অনুসারে

খ) যা প্রার্থনা

গ) বিখ্যাত

ঘ) যা পুঁতে রাখা হচ্ছে

সঠিক উত্তরঃ গ) বিখ্যাত

**প্রথিত (বিশেষ্য)**

- সংস্কৃত শব্দ

 - প্রকৃতি প্রত্যয় =  $\sqrt{\text{প্রথ}} + \text{ত}$ 

অর্থ:

বিখ্যাত, খ্যাতিসম্পন্ন, প্রসিদ্ধ

উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

**৩১) 'পত্রপাঠ' বাগধারাটির অর্থ কী?**

ক) গোপন চুক্তি

খ) বৃহৎ ব্যাপার

গ) অবিলম্ব

ঘ) দীর্ঘস্থায়ী

সঠিক উত্তরঃ গ) অবিলম্ব

**পত্রপাঠ (বিশেষ্য)**

- সংস্কৃত শব্দ

- প্রকৃতি প্রত্যয় = পত্র+পাঠ

অর্থ: চিঠি পড়ার কাজ

 ক্রিয়াবিশেষ্য: পত্র পড়া মাত্র, **অবিলম্বে বা তৎক্ষণাৎ** (অইত্রপাঠ বিদায়)

উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

**৩২) 'শ্রবণ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**

ক) শ্রবণ+অ

 খ)  $\sqrt{\text{শ্রী}} + \text{অন}$ 

 গ)  $\sqrt{\text{শ্র}} + \text{অন}$ 

 ঘ)  $\sqrt{\text{শ্রব}} + \text{অন}$ 

 সঠিক উত্তরঃ গ)  $\sqrt{\text{শ্র}} + \text{অন}$ 
**শ্রবণ (বিশেষ্য)**

- সংস্কৃত শব্দ

 - সঠিক প্রকৃতি প্রত্যয় =  $\sqrt{\text{শ্র}} + \text{অন}$ 

অর্থ:

- শোনার কাজ, শুনন;

- শ্রবণেন্দ্রিয়, কান।

উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

**৩৩) 'রজক' এর স্ত্রীবাচক শব্দ কোনটি?**

ক) রজকা

খ) রজকী

গ) রজকিনী

ঘ) রজকানী

সঠিক উত্তরঃ গ) রজকিনী

বাংলা একাডেমি, আধুনিক বাংলা অভিধান অনুসারে,

**রজক (বিশেষ্য)**

- বাংলা শব্দ

অর্থ: ধোপা

 স্ত্রীবাচক শব্দ: **রজকিনী**

- কতগুলো পুংলিঙ্গ শব্দের শেষে 'ইনী' প্রত্যয় যোগ করে স্ত্রীলিঙ্গ করা হয়।

যেমন:

গোয়ালী - গোয়ালিনী

বিহঙ্গ - বিহঙ্গিনী

সন্ন্যাস - সন্ন্যাসিনী

রজক - রজকিনী

কাঙাল - কাঙালিনী

সাপ - সাপিনী

বাঘ - বাঘিনী ইত্যাদি।

উৎস: মাধ্যমিক বাংলার দ্বিতীয় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

### ৩৪) নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি?

ক) জেঠী খ) পাগলী

গ) বেঙ্গামী ঘ) সৎমা

সঠিক উত্তরঃ ঘ) সৎমা

কিছু শব্দ আছে তা কেবল পুরুষকে নির্দেশ করে এদেরকে নিত্য

পুরুষবাচক শব্দ বলে

যেমন - কবিরাজ, কৃতদার, অকৃতদার, ঢাকী ইত্যাদি।

আবার কিছু শব্দ আছে যা কেবল স্ত্রীবাচক এদেরকে নিত্য স্ত্রীবাচক

শব্দ বলে

যেমন - সতীন, সৎমা, সধবা ইত্যাদি।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

### ৩৫) 'যা বলা হবে' এর বাক্য সংকোচন কোনটি?

ক) উক্ত খ) বাচ্য

গ) ভবিতব্য ঘ) বক্তব্য

সঠিক উত্তরঃ ঘ) বক্তব্য

### বক্তব্য (বিশেষণ)

- সংস্কৃত শব্দ

- প্রকৃতি প্রত্যয় = √বচ্+তব্য

অর্থ:

বলতে হবে বা বলার যোগ্য এমন,

আলোচ্য, উল্লেখ্য

### বাচ্য (বিশেষণ)

অর্থ: কথ্য, কথনীয়, বলার যোগ্য, বলতে হবে এমন।

বাংলা ব্যাকরণে, বাক্যের বিভিন্ন প্রকাশভঙ্গিকে বাচ্য বলে।

### ভবিতব্য (বিশেষ্য)

অর্থ: ভাগ্য, নিয়তি।

### উক্ত (বিশেষণ)

অর্থ: বলা হয়েছে এমন, কথিত।

সুতরাং

'যা বলা হবে' এর বাক্য সংকোচন = বক্তব্য। অধিক গ্রহণযোগ্য।

উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

### ৩৬) 'কর্মে অতিশয় তৎপর' এক কথায় কী হবে?

ক) ত্বরিতকর্মা খ) কর্মবীর

গ) কর্মপটু ঘ) কর্মনিষ্ঠ

সঠিক উত্তরঃ ক) ত্বরিতকর্মা

'কর্মে অতিশয় তৎপর' = ত্বরিতকর্মা

এখানে,

'ত্বরিত' অর্থ: দ্রুত, ক্ষিপ্র, শীঘ্র, ত্বরান্বিত।

অন্যদিকে,

### কর্মনিষ্ঠ (বিশেষণ)

অর্থ: কর্মে নিষ্ঠাযুক্ত, কর্তব্য পরায়ণ।

### কর্মপটু(বিশেষণ)

অর্থ: কর্মনিপুণ

### কর্মবীর (বিশেষ্য)

অর্থ: যিনি মহৎ উদ্দেশ্যে জীবনকে কর্মে নিয়োগ করেন।

উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

### ৩৭) 'খিড়কি' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?

ক) সরুপথ খ) চিলেকোঠা

গ) গুপ্তপথ ঘ) সিংহদার

সঠিক উত্তরঃ ঘ) সিংহদার

খিড়কি এর বিপরীতার্থক শব্দ সিংহদার।

খিড়কি, খিড়কী (বিশেষ্য)

- অন্তঃপুর দ্বার; বাড়ির পশ্চাদিকের ছোট দরজা।

- গুপ্ত দরজা।

সিংহদার, সিংহদরজা (বিশেষ্য)

- সিংহের মূর্তিযুক্ত প্রধান দরজা; প্রধান ফটক; সদর দরজা।

উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

### ৩৮) পৃথিবী'র সমার্থক শব্দ কোনটি?

ক) অচল খ) অদ্রি

গ) ভূধর ঘ) অবনী

সঠিক উত্তরঃ ঘ) অবনী

• পৃথিবী শব্দের সমার্থক শব্দ: বসুন্ধরা, ভূবন, বিশ্ব, সংসার,

অদিতি, অবনী, ক্ষিতি, পৃথ্বী, ধরা, ধরণি, ধরিত্রী, বসুমতি, দুনিয়া, মর্ত

ধরা, ভূ ইত্যাদি।

• 'পর্বত' শব্দের অন্যান্য সমার্থক শব্দ: গিরি, শৈল, পাহাড়, অদ্রি,

ভূধর, নগ, অচল, মোদিনীধর, অবনীধর, বসুধাধর ইত্যাদি।

উৎস: ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

**৩৯) 'মুক্তি'-এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**

- ক)  $\sqrt{\text{মুচ্}} + \text{ক্তি}$       খ)  $\sqrt{\text{মুহ্}} + \text{ক্তি}$   
 গ)  $\sqrt{\text{মুক}} + \text{ক্তি}$       ঘ)  $\sqrt{\text{মূচ্}} + \text{ক্তি}$

 সঠিক উত্তরঃ ক)  $\sqrt{\text{মুচ্}} + \text{ক্তি}$ 

 সঠিক উত্তরঃ ক)  $\sqrt{\text{মুচ্}} + \text{ক্তি}$ 
**'মুক্তি' (বিশেষ্য)**

- সংস্কৃত শব্দ
- প্রকৃতি প্রত্যয় =  $\sqrt{\text{মুচ্}} + \text{ক্তি}$

অর্থ:

- স্বাধীনতা,
- মোহ অত্যাদি।

উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

'ক্তি' একটি সংস্কৃত কৃৎ প্রত্যয়। 'ক্তি' সংযুক্ত শব্দের শেষে যদি 'চ/জ' থাকে তা 'ক' হয়ে যায়।

যেমন:

 $\sqrt{\text{মুচ্}} + \text{ক্তি} = \text{মুক্তি}$ 
 $\sqrt{\text{ভজ্}} + \text{ক্তি} = \text{ভক্তি}$ 

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

**৪০) 'মুজিববর্ষ' কোন সমাস?**

- ক) দ্বন্দ্ব সমাস      খ) দ্বিগু সমাস  
 গ) কর্ম ধারয় সমাস      ঘ) অব্যয়ীভাব সমাস

সঠিক উত্তরঃ গ) কর্ম ধারয় সমাস

 যে সমাসে পরপদের অর্থ প্রাধান্য পায়, তাকে **কর্মধারয় সমাস** বলে।

- যেমন - গোলাপ নামের ফুল = গোলাপফুল, যা কাঁচা তাই মিঠা = কাঁচা-মিঠা।

কিছু কর্মধারয় সমাসে সমস্যমান পদের মধ্যবর্তী এক বা একাধিক পদ লোপ পায়।

- এগুলো মধ্যপদলোপী কর্মধারয় নামে পরিচিত।

যেমন -

ঘি মাখানো ভাত = ঘিভাত

হাতে পরা হয় যে ঘড়ি = হাতঘড়ি

ঘরে আশ্রিত জামাই = ঘরজামাই

বিজয় নির্দেশক পতাকা = বিজয়-পতাকা

তেমনি ভাবে, মুজিব স্মরণে যে বর্ষ = মুজিববর্ষ

উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ)।

**৪১) 'কালান্তর' শব্দটির ব্যাসবাক্য কোনটি?**

- ক) অন্যকাল      খ) ক্ষুদ্রকাল  
 গ) কালের অন্তর      ঘ) কাল ও অন্তর

সঠিক উত্তরঃ ক) অন্যকাল

**নিত্য সমাস:**

যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকে নিত্য সমাস বলে। শুধু সমস্তপদের ব্যাখ্যা দিতে হয়।  
 যেমন: অন্য গ্রাম = গ্রামান্তর, তুমি আমি ও সে = আমরা, দুই এবং নব্বই = বিরানব্বই।

- তেমনিভাবে, অন্য কাল = কালান্তর।

- সমস্তপদের শেষে 'অন্তর' থাকলে ব্যাসবাক্যে 'অন্য' হবে। যেমন: দেশান্তর = অন্য দেশ।

- সমস্তপদের শেষে 'মাত্র/খানা' থাকলে 'কেবল' হবে। যেমন: শয়নমাত্র = কেবল শয়ন।

উৎসঃ বাংলা ভাষার ব্যাকরণ-নবম দশম শ্রেণি (২০১৯)।

**৪২) "এবারের সংগ্রাম, স্বাধীনতার সংগ্রাম"-বাক্যটিতে স্বাধীনতার শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

- ক) কর্মে ষষ্ঠী      খ) নিমিত্তার্থে ষষ্ঠী  
 গ) করণে ষষ্ঠী      ঘ) সম্প্রদানে ষষ্ঠী

সঠিক উত্তরঃ খ) নিমিত্তার্থে ষষ্ঠী

**৪৩) 'পড়াশোনায় মন দাও' বাক্যে পড়াশোনায় শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

- ক) কর্তায় ৭মী      খ) কর্মে ৭মী  
 গ) অপাদানে ৭মী      ঘ) অধিকরণে ৭মী

সঠিক উত্তরঃ ঘ) অধিকরণে ৭মী

**• অধিকরণ কারক:**

ক্রিয়ার আধারকে বলা হয় অধিকরণ কারক। আধার বলতে ক্রিয়া নিষ্পন্ন হওয়ার স্থান, কাল ও ভাবে বোঝায়।

অর্থাৎ ক্রিয়া সম্পাদনের কাল এবং আধারকে বলা হয় অধিকরণ কারক। বাক্যের ক্রিয়াপদকে কোথায়, কখন ও কোনো বিষয় বোঝাতে অধিকরণ কারক হয়।

অধিকরণ কারকে সন্তমী বিভক্তি অর্থাৎ এ, য়, তে ইত্যাদি বিভক্তি যুক্ত হয়।  
 যেমন- আধার (স্থান) : আমরা প্রতিদিন কলেজে যাই। কাল (সময়) সকালে সূর্য উঠবে।

• 'পড়াশোনায় মন দাও' - বাক্যে অধিকরণ কারকে ৭মী বিভক্তির প্রয়োগ ঘটেছে।

বাক্যটি ক্রিয়া নিষ্পন্ন হওয়ার কালকে বোঝাচ্ছে।

এবং এতে এ বিভক্তি যুক্ত হয়েছে।

তাই বাক্যটি = অধিকরণে ৭মী প্রকাশ করেছে।

উৎস: মাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**৪৪) সন্ধিতে চ ও জ এর নাসিক্য ধ্বনি কী হয়?**

- ক) অনুস্বার      খ) দ্বিত্ব  
 গ) মহাপ্রাণ      ঘ) তালব্য

সঠিক উত্তরঃ ঘ) তালব্য

**তালব্য** অল্পপ্রাণ ধ্বনির পরে নাসিক্য ধ্বনি আসলে নাসিক্য ধ্বনিটিও তালব্য নাসিক্য ধ্বনি হয়।

অর্থাৎ, 'চ/জ' এর পরে ঙ, ঞ, ণ, ন, ম (নাসিক্য ধ্বনি) থাকলে সেগুলো 'ঞ' হয়ে যায়।

চ+ন = চ+ঞঃ

যাচ+না = যাচ্ঞা

রাজ+নী = রাজ্ঞী।

জ+ন = জ+ঞঃ

যজ+ন = যজ্ঞ।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

**৪৫) 'প্রত্যাবর্তন' শব্দের সন্ধি-বিচ্ছেদ -**

ক) প্রতি+বর্তন                      খ) প্রতিঃ+বর্তন

গ) প্রতি+আবর্তন                ঘ) প্রতিঃ+আবর্তন

সঠিক উত্তরঃ গ) প্রতি+আবর্তন

প্রত্যাবর্তন শব্দের সন্ধি বিচ্ছেদ = প্রতি + আবর্তন

সূত্র: ই-কার কিংবা ঙ্গ-কারের পর ই ও ঙ্গ ভিন্ন অন্য স্বর থাকলে ই বা ঙ্গ স্থানে 'য বা য () ফলা হয়।

য-ফলা লেখার সময় পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে লেখা হয়।

যেমন:

ই + এ = য্ + এ প্রতি + এক = প্রত্যেক।

ই + উ = য্ + উ অতি + উক্তি = অত্যুক্তি।

ই + অ = য্ + অ অতি + অন্ত = অত্যন্ত।

ই + আ = য্ + আ ইতি + আদি = ইত্যাদি।

ঙ্গ + অ = য্ + আ নদী + অম্বু = নদ্যম্বু।

ঙ্গ + আ = হ্ + আ মসী + আধার = মস্যধার।

এরূপ- অভ্যুত্থান, অত্যাশ্চর্য, প্রত্যুপকার, যদ্যপি, আদ্যন্ত, প্রত্যহ, অত্যধিক, গতান্তর, প্রত্যাশা, প্রত্যাবর্তন ইত্যাদি।

উৎস: মাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**৪৬) 'Invoice' এর বাংলা পারিভাষিক রূপ কোনটি?**

ক) চালান                              খ) পণ্যাগার

গ) শুদ্ধ                                ঘ) বিনিয়োগ

সঠিক উত্তরঃ ক) চালান

'Invoice' এর বাংলা পারিভাষিক রূপ = চালান, প্রেরিতক-সূচি

উৎস: বাংলা একাডেমি প্রশাসনিক পরিভাষা অভিধান

**৪৭) "Look before you leap"-বাক্যটির সঠিক বাংলা অনুবাদ কোনটি?**

ক) কাটা দিয়ে কাটা তোলা                      খ) নিজের চরকায় তেল দাও

গ) দেখে পথ চলো, বুঝে কথা বলো            ঘ) নিজের কাজ নিজে করো

সঠিক উত্তরঃ গ) দেখে পথ চলো, বুঝে কথা বলো

Look before you leap (প্রবাদ) - সম্ভাব্য ঘটনাবলি বিবেচনা না

করে তড়িঘড়ি কিছু করো না (তুলনীয় - ভাবিয়া করিও কাজ করিয়া ভাবিও না)।

অর্থাৎ, Look before you leap প্রবাদটির অর্থ (অপশন হতে) -

**দেখে পথ চলো, বুঝে কথা বলো।**

উৎস: বাংলা একাডেমি অভিধান

**৪৮) গ-ত্ব বিধি অনুসারে কোন বানানটি শুদ্ধ?**

ক) পূর্বাহ্ন                              খ) মধ্যাহ্ন

গ) অপরাহ্ন                            ঘ) সায়াহ্ন

সঠিক উত্তরঃ ক) পূর্বাহ্ন

- কারণ, অপর, পরা, পূর্ব, প্র- এই কয়টি পূর্ব পদের পর অহ্ন শব্দ বসলে গত্ব বিধি অনুসারে দন্ত্য ন- এর জায়গায় মূর্ধন্য গ হয়। যেমন- অপরাহ্ন, পূর্বাহ্ন ইত্যাদি।

- গ-ত্ব বিধান : তৎসম শব্দের বানানে গ-এর সঠিক ব্যবহারের নিয়মকে গত্ব বিধান বলে।

- গ-ত্ব বিধানের পাঁচটি নিয়মাবলী-

১. ঋ, র, ষ—এই তিনটি বর্ণের পর তৎসম শব্দের দন্ত্য 'ন' মূর্ধন্য 'ণ' হয়। যেমন: ঋণ, ঘৃণা, রণ, বর্ণ, ভূষণ ইত্যাদি।

২. ঋ, র, ষ-এর পর স্বরবর্ণ, ক-বর্গ, প-বর্গ, ষ, হ থাকলে তার পরবর্তী দন্ত্য 'ন' মূর্ধন্য 'ণ' হয়। যেমন: লক্ষণ, ভক্ষণ, রেণু, পাষণ, নির্বাণ, দর্পণ, গ্রহণ ইত্যাদি।

৩. ট বর্ণের পূর্বে দন্ত্য 'ন' মূর্ধন্য 'ণ' হয়। যেমন: বণ্টন, লুণ্ঠন, খণ্ড ইত্যাদি।

৪. প্র, পরা, পরি, নির—এই চারটি উপসর্গের পরবর্তী দন্ত্য 'ন' মূর্ধন্য 'ণ' হবে। যেমন: প্রণাম, প্রমাণ, পরায়ণ, পরিণতি, নির্ণয় ইত্যাদি।

৫. ত, থ, দ, ধ-এর পূর্বে সংযুক্ত বর্ণে দন্ত্য 'ন' হয়, 'ণ' হয় না। যেমন: দৃষ্টান্ত, বৃত্ত, গ্রন্থ, ক্রন্দন, বন্ধন ইত্যাদি।

অন্যান্য বানানের সঠিক রূপ।

- অপরাহ্ন, মধ্যাহ্ন, সায়াহ্ন

সূত্র: ভাষা শিক্ষা, ড. হায়াত মামুদ।

**৪৯) শুদ্ধ বাক্যটি নির্দেশ করুন?**

ক) দৈন্যতা প্রশংসনীয় নয়                      খ) দীনতা প্রশংসনীয় নয়

গ) দৈন্যতা অপ্রশংসনীয়                        ঘ) দৈন্যতা নিন্দনীয়

সঠিক উত্তরঃ খ) দীনতা প্রশংসনীয় নয়

শুদ্ধ বানান = দীনতা।

- এটি বিশেষ্য পদ।

শুদ্ধ রূপ = 'দৈন্য' কিংবা 'দীন'

'দৈন্য' (বিশেষ্য) এর অর্থ = দীনতা।

শুদ্ধ বাক্য = দীনতা প্রশংসনীয় নয়

উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

৫০) কোন বানানটি শুদ্ধ?

- ক) স্বায়ত্তশাসন      খ) শ্রদ্ধাঞ্জলী  
গ) দারিদ্রতা      ঘ) উপর্যুক্ত

সঠিক উত্তরঃ ঘ) উপর্যুক্ত

উপর্যুক্ত: (বিশেষণ)

- সংস্কৃত শব্দ  
- প্রকৃতি প্রত্যয় = উপর+উক্ত

অর্থ - পূর্বে কথিত বা উল্লেখ করা হয়েছে এমন।

স্বায়ত্তশাসন (বিশেষ্য)

- সংস্কৃত শব্দ  
- প্রকৃতি প্রত্যয় = স্বায়ত্ত+শাসন

অর্থ: স্বশাসিত রাষ্ট্র।

শ্রদ্ধাঞ্জলি(বিশেষ্য)

- সংস্কৃত শব্দ  
- প্রকৃতি প্রত্যয় = শ্রদ্ধা + অঞ্জলি

অর্থ: শ্রদ্ধা নিবদনের উদ্দেশ্যে নিবেদিত অর্ঘ্য

দারিদ্রতা বানানটি অশুদ্ধ।

সঠিক বানান সম্বলিত এরূপ শব্দ হলো দরিদ্র, দারিদ্র্য, দরিদ্রতা।

'দারিদ্র্য' শব্দটার সাথে তা প্রত্যয় যোগ করা সঠিক নয়।

কারণ পূর্বেই দারিদ্র্য (দারিদ্র্য = দরিদ্র + য) শব্দটির সাথে একটি প্রত্যয় যোগ করা হয়েছে।

এ সংক্রান্ত অন্যান্য শব্দ:

দরিদ্র = বিশেষণ

দরিদ্রতা/দারিদ্র্য = বিশেষ্য

উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

৫১) If I had tried again -

- ক) I could solve the problem.  
খ) I could have solved the problem.  
গ) I could solved the problem.  
ঘ) I could have solve the problem.  
সঠিক উত্তরঃ খ) I could have solved the problem.

Conditional sentence এ if যুক্ত Clause-টি Past Perfect হলে Main Clause-টি Perfect Conditional হয়।

অর্থাৎ Subject এর সাথে would have/could have/might have এবং Verb এর Past Participle Form হয়।

Passive এর বেলায় would have/could have/might have + been বসে।

এখানে যেহেতু বাক্যটি Active voice এ রয়েছে তাই পরের অংশে "I could have solved the problem." বসবে।

৫২) আজকাল নারীরা জীবনের সর্বক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

ক) Women are playing important role in all spheres of life.

খ) Nowadays women are playing important role everywhere.

গ) Women are playing most important roles in all sphere of life.

ঘ) Nowadays women are playing important role in all spheres of life.

সঠিক উত্তরঃ ঘ) Nowadays women are playing important role in all spheres of life.

Nowadays - আজকাল।

All spheres of life - জীবনের সর্বক্ষেত্রে।

আজকাল নারীরা জীবনের সর্বক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

- Nowadays women are playing important role in all spheres of life.

৫৩) I fancy I (turn) a trifle pale.

ক) turned      খ) turns

গ) am turning      ঘ) had turned

সঠিক উত্তরঃ ক) turned

বাক্যের শুরুতে I wish/ I like/ I fancy (আমার ইচ্ছা হয়/ আকাঙ্ক্ষা হয়/ কল্পনা হয়) থাকলে -

Structure: (Any) Present + Past Indefinite

তাই সঠিক উত্তর হবে - turned

৫৪) He fell \_\_\_\_\_ a trap.

ক) of      খ) off

গ) into      ঘ) out

সঠিক উত্তরঃ গ) into

Fell হচ্ছে fall এর past form.

Fall into the/someone's trap (idiom)

- to make a mistake or get into a difficult situation by doing something or by trusting someone

সুতরাং, শূন্যস্থানে into বসবে।

৫৫) I would rather die -

ক) then beg      খ) than beg

গ) but I would not beg      ঘ) to beg

সঠিক উত্তরঃ খ) than beg



Incredible - অবিশ্বাস্য; অশঙ্ক্য; (কথ্য) বিশ্বাস করা কঠিন; প্রত্যয়িত; বিস্ময়কর।

Unbelievable - (১) অবিশ্বাস্য। (২) (কথ্য) অত্যন্ত বিস্ময়কর।

Unthinkable - অচিন্তনীয়; অবিবেচ্য।

Unlikely - অসম্ভাবনীয়; অসম্ভাবিত; অঘটনীয়।

Unthinking - চিন্তাশূন্য; বিবেচ্যহীন; অপরিণামদর্শী; অসতর্ক।

সুতরাং, Incredible এর synonym হচ্ছে Unbelievable.

Source: Accessible Dictionary by Bangla Academy

**৬৩) The antonym of 'Honorary' is-**

ক) official                      খ) honorable

গ) salaried                      ঘ) literary

সঠিক উত্তরঃ গ) salaried

Honorary অর্থ হলো অবৈতনিক, বিনাবেতন।

এর Antonym হলো Salaried - বেতনভুক্ত।

Official - আনুষ্ঠানিক কর্তৃত্বপ্রসূত;

Honorable - সম্মানিত;

Literary - সাহিত্য বিষয়ক।

Source: Accessible Dictionary by Bangla Academy

**৬৪) 'To end in smoke' means-**

ক) to create fire                      খ) to go through suffering

গ) to come to nothing                      ঘ) to see fire

সঠিক উত্তরঃ গ) to come to nothing

Go up in smoke / end in smoke

English Meaning: to be wasted / come to nothing.

Bangla Meaning: নিষ্ফল হওয়া / ব্যর্থতায় পর্যবসিত হওয়া

Ex. Sentence: When the business went bankrupt, twenty years of hard work went up in smoke.

Bangla Meaning: বিশ বছরের কঠোর পরিশ্রম ব্যর্থতায় পর্যবসিত

হলো যখন এই ব্যবসা দেউলিয়া হয়ে গেলো।

**৬৫) Kalam is as strong as Salam. (Comparative)**

ক) Salam is not stronger than Kalam.

খ) Salam is stronger than Kalam.

গ) Kalam is not stronger than Salam.

ঘ) Kalam is stronger than Salam.

সঠিক উত্তরঃ ক) Salam is not stronger than Kalam.

As..... as যুক্ত Positive Degree-কে Comparative Degree-

তে রূপান্তরিত করার নিয়ম:-

Structure: শেষের Subject + verb + not + Positive Degree--

এর Comparative form + than + প্রদত্ত Sentence-এর প্রথম

Subject.

Example:

Positive: He is as tall as his brother.

Comp: His brother is not taller than he.

Similarly

Positive: Kalam is as strong as Salam.

Comp: Salam is not stronger than Kalam.

**৬৬) The synonym of 'Prudent' is -**

ক) unwise                      খ) insightful

গ) injudicious                      ঘ) impolite

সঠিক উত্তরঃ খ) insightful

**Prudent** - বিচক্ষণ।

Unwise - অবিজ্ঞ, বিবেচ্যহীন।

**Insightful** - অন্তর্দৃষ্টিসম্পন্ন; অন্তর্জ্ঞানসম্পন্ন; পরিজ্ঞানসম্পন্ন।

Injudicious - বিবেচ্যহীন/অবিবেচ্যপ্রসূত; অবিবেকী।

Impolite - অনীতিজ্ঞ; অবিজ্ঞ; অবিবেচক; অকোবিদ।

অর্থাৎ, Prudent এর synonym হচ্ছে - **Insightful**

Source: Accessible Dictionary

**৬৭) Without working hard, you can not succeed.**

**(Compound)**

ক) Work hard and you can not succeed.

খ) Work hard or you can not succeed.

গ) Work hard and you can succeed.

ঘ) You work hard and you can succeed.

সঠিক উত্তরঃ খ) Work hard or you can not succeed.

Compound sentence এর দুইটি clause কে and, but, or, yet ইত্যাদি conjunction দ্বারা যুক্ত করতে হয়।

দুইটি clause এর মধ্যে Contrast বোঝাতে “or” conjunction ব্যবহৃত হয়।

বাক্যটির অর্থ দাঁড়ায় - পরিশ্রম কর নতুবা সফল হতে পারবে না।

**৬৮) Over-flooding is one of the worst problems in our country. (Positive)**

ক) Over-flooding is worse than any other problem.

খ) No other problem in our country is as bad as over-flooding.

গ) Very few problems in our country are as bad as over-flooding.

ঘ) Over-flooding is a very worse problem in our country.

সঠিক উত্তরঃ গ) Very few problems in our country are as bad as over-flooding.

One of the থাকলে Positive করার গঠন হচ্ছে -

Very few+ Plural Noun following the positive degree + Plural Verb + as/so + Positive Degree + as + Subject of Positive Degree.

সে অনুসারে সঠিক উত্তর - গ) Very few problems in our country are as bad as over-flooding.

**৬৯) What can not be cured must be endured. (Active)**

ক) Must be endure we cure.

খ) We cannot cure what we must endure.

গ) We must endure what we cannot cure.

ঘ) We must be endured what we cannot cure.

সঠিক উত্তরঃ গ) We must endure what we cannot cure.

Complex Sentence-এর voice পরিবর্তনে principal ও subordinate উভয় প্রকার clause-এরই পরিবর্তন করতে হয়।

তাই এখানে What cannot be cured এবং must be endured দুই অংশকেই active voice এ transform করতে হবে।

• What cannot be cured এর active form হচ্ছে - what we cannot cure.

• Must be endured এর active form হচ্ছে - We must endure.

[Passive voice এ subject না থাকায় active করার সময় প্রয়োজন অনুসারে subject হিসেবে we আনা হয়েছে।]

তাই সঠিক Passive form হচ্ছে -

We must endure what we cannot cure.

(আমরা যা নিরাময় করতে পারি না তা সহ্য করতে হবে।)

**৭০) Let us love our country. (Simple)**

ক) We should not hate our country.

খ) We should love our country.

গ) We may not hate our country.

ঘ) Should love our country.

সঠিক উত্তরঃ বাতিল করা হয়েছে।

প্রশ্নটিতে Instruction এ ভুল রয়েছে।

প্রশ্নোক্ত বাক্যটি Simple sentence এ-ই রয়েছে।

বাক্যটি Imperative sentence.

Instruction এ Assertive এ রূপান্তরের কথা বলা হলে সঠিক

উত্তর হতো - We should love our country.

তাই প্রশ্নটির উত্তর তুলে দেয়া হয়েছে।

**৭১) Noun form of the word 'comfortable' is -**

ক) comfortably                      খ) comfort

গ) comfortable                      ঘ) none

সঠিক উত্তরঃ খ) comfort

• Comfortable (adjective)- আরামদায়ক, স্বস্তিপূর্ণ; চিন্তামুক্ত।

• **Comfort (noun)** - আরাম; স্বস্তি; আয়েশ; তৃপ্তি। (২) সান্ত্বনা।

• Comfortably (adverb) আরাম-আয়েশে থাকার জন্য প্রচুর অর্থ থাকা।

Source: Bangla Academy Dictionary.

**৭২) I look forward to (receive) a letter from you.**

ক) receiving                              খ) receive

গ) received                              ঘ) receives

সঠিক উত্তরঃ ক) receiving

Look forward to,with a view to,get used to এগুলোর পরে verb আসলে verb এর সাথে ing হয়।

তাই সঠিক উত্তর হবে - **receiving**

**৭৩) He is so dull that -**

ক) He can understand anything.

খ) He could understand anything.

গ) He can not understand anything.

ঘ) He could not understand anything.

সঠিক উত্তরঃ গ) He can not understand anything.

So ..... that

- It expresses a cause and effect.

Grammar:

So + adjective/adverb + that

Example:

He is so dull that he can not understand anything.

I was so sleepy that I couldn't keep my eyes open.

যেহেতু এটা cause & effect প্রকাশ করে, তাই সম্পূর্ণ বাক্যে একই

tense হবে।

প্রশ্নোক্ত বাক্যের প্রথম অংশে present tense থাকায় পরের অংশেও

present tense হবে।

তাই সঠিক উত্তর হবে - He can not understand anything.

**৭৪) I have left the room but he (enter) the room.**

ক) enters                                      খ) entered

গ) has entered                              ঘ) is entering

সঠিক উত্তরঃ গ) has entered

এটি compound sentence.

এখানে conjunction এর আগের অংশে যেহেতু present perfect

tense ব্যবহৃত হয়েছে, তাই পরের অংশেও present perfect tense

ব্যবহার করতে হবে।

তাই enter এর পরিবর্তে has entered বসাতে হবে।

I have left the room but he **has entered** the room.

**৭৫) The man is \_\_\_\_ his son's fault.**

ক) blind to                                      খ) blind of

গ) blind in                                      ঘ) blind at

সঠিক উত্তরঃ ক) blind to

চোখে না দেখার ক্ষেত্রে 'Blind of' ও দোষ না দেখার ক্ষেত্রে 'Blind to' বসে।

- He is blind of his eyes.

- The man is **blind to** his son's fault.

৭৬) বাংলাদেশের একমাত্র পাহাড়ী দ্বীপ কোনটি?

- ক) কুতুবদিয়া খ) ভোলা  
গ) মহেশখালি ঘ) সেন্টমার্টিন

সঠিক উত্তরঃ গ) মহেশখালি

- বাংলাদেশের একমাত্র পাহাড়ী দ্বীপ হলো **মহেশখালী**।
- এই দ্বীপে আদিনাথ পাহাড় রয়েছে।
- এছাড়া এখানে আদিনাথ মন্দির রয়েছে।
- মহেশখালী দ্বীপেই মাতারবাড়ী বিদ্যুৎকেন্দ্র ও গভীর সমুদ্রবন্দর নির্মিত হচ্ছে।

অন্যদিকে,

- দেশের একমাত্র প্রবাল দ্বীপ হলো সেন্টমার্টিন বা নারিকেল জিঞ্জিরা।
- কুতুবদিয়া দ্বীপে বাতিঘর রয়েছে।
- সন্দ্বীপে প্রাচীনকালে বাণিজ্যিক জাহাজ নির্মাণ হতো।

তথ্যসূত্র: জাতীয় তথ্য বাতায়ন

৭৭) বাংলাদেশের যে জেলায় সবচেয়ে বেশি চা বাগান রয়েছে -

- ক) হবিগঞ্জ খ) মৌলভীবাজার  
গ) সিলেট ঘ) কুড়িগ্রাম

সঠিক উত্তরঃ খ) মৌলভীবাজার

- বাংলাদেশে বাণিজ্যিকভাবে প্রথম চা বাগান গড়ে উঠে সিলেটের মালিনীছড়ায় ১৮৫৪ সালে।
  - বর্তমানে বাংলাদেশ চা বোর্ডের অধীনে মোট ১৬৭টি চা বাগান ও টি এস্টেট রয়েছে।
  - সবচেয়ে বেশি চা বাগান রয়েছে মৌলভীবাজার জেলায়। জেলাটিতে মোট ৯১টি চা বাগান রয়েছে।
  - অন্যান্য জেলার মধ্যে হবিগঞ্জে ২৫টি, চট্টগ্রামে ২১টি, সিলেটে ১৯টি, পঞ্চগড়ে ৮টি, রাঙ্গামাটিতে ২টি এবং ঠাকুরগাঁও জেলায় ১টি চা বাগান রয়েছে।
- তথ্যসূত্র: বাংলাদেশ চা বোর্ড।

৭৮) ভাষা শহিদদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন -

- ক) আব্দুস সালাম খ) রফিক উদ্দিন  
গ) আবুল বরকত ঘ) সকলেই

সঠিক উত্তরঃ গ) আবুল বরকত

- ১৯৫২ সালের ভাষা আন্দোলনের শহিদদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন আবুল বরকত। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের মাস্টার্সের ছাত্র ছিলেন।
  - ২১শে ফেব্রুয়ারির মিছিলে তিনি গুলিবিদ্ধ হয়ে মারা যান। তাকে আজিমপুর কবরস্থানে দাফন করা হয়।
- অন্যদিকে,
- আব্দুস সালাম ছিলেন সরকারের চতুর্থ শ্রেণীর কর্মচারি।
  - শফিকুর রহমান ছিলেন ঢাকা হাইকোর্টের হিসাবরক্ষণ শাখার কেরানি।
  - আবদুল জব্বার ছিলেন ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলার

পাঁচুয়া গ্রামের এক কৃষক পরিবারের সন্তান।

তথ্যসূত্র: বাংলাপিডিয়া।

৭৯) বাংলাদেশের প্রথম ডিজিটাল জেলা কোনটি?

- ক) ঢাকা খ) গাজীপুর  
গ) যশোর ঘ) সিলেট

- সঠিক উত্তরঃ গ) যশোর
- ২০১০ সালের সেপ্টেম্বরে জেলা ই-সেবাকেন্দ্র চালু হওয়ার পর তথ্য-প্রযুক্তিতে অগ্রগতির জন্য ২০১২ সালের ২০ ডিসেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনা যশোর জেলাকে 'বাংলাদেশের প্রথম ডিজিটাল জেলা' হিসেবে ঘোষণা দেন।
  - সে সময় তিনি 'ন্যাশনাল ই-সার্ভিস সিস্টেম'-এর উদ্বোধন করেন। এ সিস্টেমের আওতায় যশোর জেলার ২৩২টি সরকারি দপ্তরে যেকোনো সেবার জন্য অনলাইনে আবেদন করা যায়।

তথ্যসূত্র: bdembassyusa.org ও প্রথম আলো।

৮০) স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ পুরস্কার ২০২০ লাভ করেন -

- ক) আজিজুর রহমান খ) ফেরদৌসী মজুমদার  
গ) কালীপদ দাস ঘ) জাফর ওয়াজেদ

- সঠিক উত্তরঃ ক) আজিজুর রহমান
- জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে দেশের নয়জন বিশিষ্ট ব্যক্তি ও একটি প্রতিষ্ঠানকে 'স্বাধীনতা পুরস্কার-২০২০' দিচ্ছে সরকার।
  - পুরস্কারের জন্য মনোনীত বিশিষ্ট ব্যক্তির হলে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের জন্য বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী, অবসরপ্রাপ্ত কমান্ডার আবদুর রউফ (মরণোত্তর), আনোয়ার পাশা (মরণোত্তর) ও আজিজুর রহমান।
  - চিকিৎসাবিদ্যায় অধ্যাপক ডা. মো. উবায়দুল কবীর চৌধুরী ও অধ্যাপক ডা. এ কে এম এ মুক্ তাদির।
  - সাহিত্যে মুক্তিযোদ্ধা এস এম রইজ উদ্দিন আহম্মদ এবং সংস্কৃতিতে কালীপদ দাস ও ফেরদৌসী মজুমদার।
  - শিক্ষায় অবদানের স্বীকৃতি হিসেবে টাঙ্গাইলের মির্জাপুরের ভারতেশ্বরী হোমস্ এবার স্বাধীনতা পুরস্কার পাচ্ছে।

৮১) জাতির জনক শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেয়া হয় -

- ক) ২৩ মার্চ ১৯৭১ খ) ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯  
গ) ২৩ ফেব্রুয়ারি ১৯৬৭ ঘ) ২৩ ফেব্রুয়ারি ১৯৬৬

সঠিক উত্তরঃ খ) ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯

- ২৩শে ফেব্রুয়ারি ১৯৬৯ সালে রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) এক বিশাল ছাত্র সমাবেশে লাখো শিক্ষার্থীর উপস্থিতিতে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করে।
- ১৯৬৯ সালে ২২ ফেব্রুয়ারি শেখ মুজিবুর রহমানসহ আগরতলা ষড়যন্ত্র মামলার সকল বন্দীকে মুক্তি দিতে বাধ্য হয়।
- ১৯৬৯ সালে ৫ ডিসেম্বর সোহরাওয়ার্দীর মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত আওয়ামী লীগের এক জনসভায় শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের নাম রাখেন 'বাংলাদেশ'।
- ৩ মার্চ, ১৯৭১ সালে ছাত্রলীগের তৎকালীন সভাপতি নূরে আলম সিদ্দিকীর সভাপতিত্বে পাঁচদফা স্বাধীনতার ইশতেহার পাঠ করেন ছাত্রলীগের সাধারণ সম্পাদক শাহজাহান সিরাজ।
- ঐদিনই বঙ্গবন্ধুকে 'জাতির জনক' উপাধি দেন ডাকসুর ভিপি আ.স.ম আব্দুর রব।



**৮৭) 'কিয়েভ' কোন দেশের রাজধানী?**

- ক) রুমানিয়া                      খ) পোল্যান্ড  
 গ) ইউক্রেন                      ঘ) স্পেন

সঠিক উত্তরঃ গ) ইউক্রেন

- ইউক্রেন বা উক্রাইনা পূর্ব ইউরোপের একটি রাষ্ট্র।
- রাশিয়ার পরে এটি ইউরোপের দ্বিতীয় বৃহত্তম রাষ্ট্র।
- **কিয়েভ ইউক্রেনের রাজধানী ও বৃহত্তম শহর।**

তথ্যসূত্র: ব্রিটানিকা।

**৮৮) অ্যান্টোনিও গুতেরেস জাতিসংঘের কততম মহাসচিব?**

- ক) অষ্টম                              খ) নবম  
 গ) দশম                              ঘ) একাদশ

সঠিক উত্তরঃ খ) নবম

• জাতিসংঘের বর্তমান ও **৯ম মহাসচিব অ্যান্টোনিও গুতেরেস** পর্তুগালের নাগরিক।

• ২০১৭ সালের ১ জানুয়ারি তিনি জাতিসংঘের ৯ম মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।

• এর পূর্বে ২০০৫ থেকে ২০১৫ সাল পর্যন্ত তিনি জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন।

• অ্যান্টোনিও গুতেরেস ১৯৯৫-২০০২ সময়ে পর্তুগালের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন।

তথ্যসূত্র: জাতিসংঘ ওয়েবসাইট।

**৮৯) ইংল্যান্ডের বর্তমান প্রধানমন্ত্রী?**

- ক) বরিস জনসন                      খ) লিজ ট্রাস  
 গ) ঋষি সুনাক                      ঘ) টনি ব্লের

সঠিক উত্তরঃ গ) ঋষি সুনাক

• যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী হিসেবে আনুষ্ঠানিক দায়িত্ব নেন **ঋষি সুনাক**।

২৫ অক্টোবর প্রধানমন্ত্রীর দায়িত্ব নেওয়ার আমন্ত্রণ জানান রাজা।

• এর পর বার্কিংহাম প্যালেসের ১৮৪৪ রুমে রাজা তৃতীয় চার্লসের সঙ্গে দেখা করেন ঋষি। রাজার আমন্ত্রণ গ্রহণ করে প্রধানমন্ত্রীর দায়িত্বগ্রহণ করেন তিনি।

• ৪২ বছর বয়সি ঋষি যুক্তরাজ্যের ইতিহাসে ৫৭তম প্রধানমন্ত্রী।

• গত দুই শতকের মধ্যে সবচেয়ে কম বয়সি প্রধানমন্ত্রীও তিনি। তা ছাড়া প্রথম সাদা চামড়াবিহীন ও প্রথম এশিয়ান-ব্রিটিশ প্রধানমন্ত্রী ঋষি সুনাক।

তথ্যসূত্র: যুগান্তর।

**৯০) গোবি মরুভূমি কোন মহাদেশে অবস্থিত?**

- ক) আফ্রিকা                      খ) দক্ষিণ আমেরিকা  
 গ) এশিয়া                              ঘ) ইউরোপ

সঠিক উত্তরঃ গ) এশিয়া

• গোবি মরুভূমি (Gobi Desert) মধ্য এশিয়ায় অবস্থিত একটি বিশাল মরুভূমি।

• মরুভূমিটির অবস্থান মঙ্গোলিয়া ও চীন - দুই দেশে বিস্তৃত।

• মরুভূমিটি আনুমানিক ১৩ লক্ষ (১২ লক্ষ ৯৫ হাজার) বর্গকিলোমিটার আয়তন বিশিষ্ট।

• বিখ্যাত কিছু মরুভূমির অবস্থান -

- থর মরুভূমি : ভারত ও পাকিস্তান।

- গোবি মরুভূমি : চীন ও মঙ্গোলিয়া

- মোজাবে মরুভূমি : যুক্তরাষ্ট্র

- সাহারা মরুভূমি : আফ্রিকা

তথ্যসূত্র: ব্রিটানিকা।

**৯১) বাংলাদেশে সর্বপ্রথম ইন্টারনেট সিস্টেম চালু হয় কোন সালে?**

- ক) ১৯৯৫                              খ) ১৯৯৬  
 গ) ১৯৯৭                              ঘ) ১৯৯৮

সঠিক উত্তরঃ খ) ১৯৯৬

- বাংলাদেশের প্রথম ইন্টারনেট চালু হয় ১৯৯৬ সালে।

- কম্পিউটার থেকে কমপিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে বলা হয় ইন্টারনেট।

- ইন্টারনেট পৃথিবীর বিস্তৃত একটি বৃহত্তম কম্পিউটার নেটওয়ার্ক।

- আরপানেট দিয়ে ইন্টারনেটের প্রাথমিক কার্যক্রম শুরু হয়।

- ১৯৬৯ সালে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগ একটি গবেষণা প্রকল্পের আওতায় দেশের চারটি বিশ্ববিদ্যালয়কে পরীক্ষামূলক কম্পিউটার

নেটওয়ার্কের মাধ্যমে সংযুক্ত করে।

- এ নেটওয়ার্কের নাম আর্পানেট।

দুধ, দই, ছানা, পনির, ছোট মাছ (মলা-ঢেলা), নানা রকম ডাল, সবুজ শাকসবজি, টেঁড়স, লাল শাক, কচু শাক ইত্যাদি ক্যালসিয়ামের প্রধান উৎস। কলিজা, সবুজ শাকসবজি, মাংস, ডিমের কুসুম, কচু শাক ইত্যাদিতে লৌহ থাকে। দুধ, মাছ, মাংস, বাদাম, ডাল থেকে ফসফরাস পাওয়া যায়। খাবার লবণ, চিপস, নোনতা খাবার, পনির, বাদাম, আচার ইত্যাদিতে সোডিয়াম থাকে। মাছ, মাংস, বাদাম, ডাল, কলা, আলু, আপেল ইত্যাদিতে পটাশিয়াম থাকে। আয়োডিনের উৎস হলো সামুদ্রিক উদ্ভিদ ও মাছ, মাংস এবং শেওলা।

ক্যালসিয়ামের প্রধান উৎসের তালিকায় কচু শাক দেয়া আছে। তবে, কচু শাক লৌহেরও ভাল উৎস। সম্ভবত প্রচলিত উত্তর লৌহ। কিন্তু, লৌহ এবং ক্যালসিয়াম একসাথে দেয়া হলে সঠিক উত্তর নির্ধারণ করা কঠিন হয়ে যাচ্ছে। যেহেতু, প্রধান উৎস হিসেবে জীববিজ্ঞান বইতে সরাসরি বলা আছে তাই এটাকেই উত্তর হিসেবে নেয়া হল। পাশপাশি সকল তথ্য দেয়া হল।

লৌহ/আয়রনের উদ্ভিজ্জ উৎসঃ ফুলকপির পাতা, নটোশাক, নিম পাতা, ডুমুর, কাঁচা কলা, ভুট্টা, গম, বাদাম ইত্যাদি।

ক্যালসিয়ামের উদ্ভিজ্জ উৎসঃ ডাল, তিল, গাজর, ফুলকপি, পালংশাক, কচুশাক, লাল শাক, বাধাকপি ইত্যাদি।

উৎসঃ বিজ্ঞান নবম-দশম শ্রেণী

যদিও, এখানে লিস্টে নাম দেয়া হয়নি। তবে, কচু শাক লৌহের ভাল উৎস কোন সন্দেহ নেই। যাইহোক, দুইটা রেফারেন্সেরই দিক থেকে চিন্তা করলে ক্যালসিয়ামকে বাদ দেয়া যাচ্ছে না।

**৯৩) ক্যান্সার সংক্রান্ত বিদ্যাকে বলে -**

- ক) টিউমারোলজি                      খ) অকোলজি  
 গ) অঙ্কোলজি                      ঘ) সাইটোলজি

সঠিক উত্তরঃ গ) অঙ্কোলজি

- Oncology হল ক্যান্সার বিষয়ক বিদ্যা।

- একজন অনকোলজিস্ট হলেন একজন ডাক্তার যিনি ক্যান্সারের চিকিৎসা করেন এবং ক্যান্সারে আক্রান্ত একজন ব্যক্তির চিকিৎসা সেবা প্রদান করেন।

- একজন oncologist কে ক্যান্সার বিশেষজ্ঞও বলা যেতে পারে।

Source.cancer.net

**৯৪) জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (UNEP) এর সদর দপ্তর অবস্থিত -**

- ক) স্টকহোম                              খ) নাইরোবি  
 গ) হেগ                                      ঘ) বৈরুত

সঠিক উত্তরঃ খ) নাইরোবি

সঠিক উত্তরঃ খ) নাইরোবি

**জাতিসংঘ পরিবেশ কর্মসূচী (UNEP)**

▪ UNEP - এর পূর্ণরূপ United Nations Environment Programme বা জাতিসংঘ পরিবেশ কর্মসূচী।

▪ প্রতিষ্ঠার পর থেকেই ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি নিরাপদ ও সুন্দর

পৃথিবী নির্মাণের উদ্দেশ্যে পরিবেশগত এজেন্ডা নির্ধারণ ও বাস্তবায়নে

UNEP নেতৃত্ব দিয়ে যাচ্ছে।

▪ প্রতিষ্ঠাকাল: ৫ জুন, ১৯৭২ সাল।

